



বাংলাদেশ ব্যাংক

ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন

প্রধান কার্যালয়

ডাকবাংলা নং-৩২৫

ঢাকা, বাংলাদেশ।

ডিওএস সার্কুলার লেটার নং-১৮

০৭/১২/২০০৬

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

সাপ্তাহিক ছুটি শুক্র ও শনিবারে ব্যাংকসমূহের বৈদেশিক মুদ্রা লেনদেনকারী (এডি) শাখাসমূহ খোলা রাখা প্রসঙ্গে।

দেশের বৈদেশিক বাণিজ্য ও লেনদেনের সুবিধার্থে বাণিজ্যিক ব্যাংকগুলোর নিম্নবর্ণিত স্থানগুলোতে অবস্থিত আমদানী-রপ্তানী বাণিজ্য লেনদেন সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রা লেনদেনকারী সব শাখা (অথরাইজড ডিলার) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রতি শুক্র ও শনিবার খোলা থাকবে :

ক) বিমান বন্দর : খ) সমুদ্র/নৌ বন্দর : গ) স্থল বন্দর :
ঢাকা, চট্টগ্রাম চট্টগ্রাম, মংলা। বেনাপোল, সোনামসজিদ, হিলি, আইসিডি (কমলাপুর)।

উপরোক্ত স্থানসমূহে অবস্থিত যে সব শাখা খোলা রাখা হবে সেগুলোর অফিস ও লেনদেন সময়সূচী সংশ্লিষ্ট ব্যাংক নিজেসই নির্ধারণ করতে পারবে।

এ ছাড়া দেশের অপরাপর স্থানে অবস্থিত আমদানী-রপ্তানী বাণিজ্য লেনদেন সংশ্লিষ্ট অন্যান্য অথরাইজড ডিলার শাখা গুলোর মধ্যে যে সব শাখা খোলা রাখা প্রয়োজন সে সব শাখা ব্যাংকগুলো স্বীয় বিবেচনায় শনিবার খোলা রাখতে পারবে। উল্লেখ্য, এসব শাখারও অফিস ও লেনদেন সময়সূচী ব্যাংকগুলো নিজেসই নির্ধারণ করতে পারবে।

এতদ্বারা এবিষয়ে ইতোপূর্বে ইস্যুকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১২, ১৬ এবং ১৭ তারিখ যথাক্রমে ১৫ সেপ্টেম্বর ২০০৫, ১৬ নভেম্বর ২০০৬ এবং ২৮ নভেম্বর ২০০৬ এর কার্যকারিতা স্থগিত করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস,কে সুর চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬